

## Enrolment policy - Bengali

# স্কুলে ভর্তির নীতিমালা

## পিতা-মাতার জন্য তথ্যাবলী

NSW -এর সরকারী স্কুলের নীতিমালায় শিক্ষার্থীদের ভর্তির বিষয় উল্লেখ করা আছে যা *শিক্ষা আইন 1990*-এর অধীনে স্কুলগুলোকে তাদের আবশ্যকতা পূরণে সাহায্য করে, যেমন নিশ্চিত করে যে প্রতিটি শিক্ষার্থী তাদের স্থানীয় স্কুলে ভর্তির সুযোগ পাবে। এছাড়াও এই নীতিমালা স্কুলের কর্মকর্তা-কর্মচারী ও সমাজের জনগোষ্ঠীর সাথে একটি স্বচ্ছ ভর্তির প্রক্রিয়া সম্পর্কে যোগাযোগ বজায় রাখতে ভূমিকা পালন করে।

## ভর্তির নীতিমালা কেন পুনর্বিবেচনা করা হয়েছে?

রাজ্য জুড়ে অনেক সামাজিক গোষ্ঠীর মধ্যে পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। কিছু কিছু পরিবর্তন এমন হারে বাড়ছে যা আগে কখনও দেখা যায়নি। কিছু স্কুল আগে হয়ত এলাকার বহির্ভূত শিক্ষার্থীদের ভর্তি করে নিত, কিন্তু এখন সেইরকম করার মত আর সুযোগ নেই।

পুনর্বিবেচিত নীতিমালা এমনভাবে সাজানো হয়েছে যে এগুলো স্কুলকে ভর্তির আবেদন প্রক্রিয়া ব্যবস্থাপনার কাজে সাহায্য করে, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় আরও বেশি সঙ্গতি প্রদানের উৎসাহ প্রদান করে, এছাড়াও নিশ্চিত করে যে ভর্তি সম্পর্কিত পছন্দের বিষয়টি পিতামাতার নিকট পরিষ্কার থাকে।

## পরিবর্তনগুলো কি কি?

### The enrolment cap

The enrolment cap হল একটি স্কুলের মোট স্থায়ী শিক্ষার্থীর আসনের উপর ভিত্তি করে কতজন শিক্ষার্থী ঐ স্কুলে ভর্তি হতে পারে। The enrolment cap এর মাধ্যমে জানা যায় যে স্কুলের স্থানীয় এলাকার বহির্ভূত শিক্ষার্থীদের ভর্তি করার মত ঐ স্কুলের কোন সুযোগ আছে কি না। স্কুলের স্থানীয় এলাকার সীমানার মধ্যে বসবাসকারী কতজন শিক্ষার্থীকে ঐ স্কুল ভর্তি নিতে পারবে এমন ধরনের কোন লক্ষ্য বা সীমা নেই।

শিক্ষা বিভাগ Term 4 2019 থেকে প্রতিটি স্কুল তার স্থানীয় এলাকার সীমানার মধ্যে বসবাসকারী কতজন শিক্ষার্থীকে ভর্তি নিতে পারবে এমন ধরনের একটি cap নির্দিষ্ট করে দিবে।

The enrolment cap-এর মধ্যে কিছু সংখ্যক ভর্তির আসন অবশ্যই খালি রাখতে হবে, কারন বছরের যে কোন সময় স্থানীয় এলাকার শিক্ষার্থীরা ভর্তি হতে পারে। আলাদা করে রাখা এই খালি আসনগুলোকে বলা হয় buffer। এই কারনে স্কুল যখন buffer অবস্থায় পৌছে যায় তখন স্থানীয় এলাকার বহির্ভূত শিক্ষার্থীদের ভর্তি নেয় না, অবশ্য ব্যতিক্রমধর্মী পরিস্থিতির কথা ভিন্ন।

### 100-পয়েন্ট আবাসিক ঠিকানা পরীক্ষণ

অনেক অভিভাবক আছেন যারা তাদের সন্তানদেরকে এমন স্কুলে ভর্তির পরিকল্পনা করছেন যেই স্কুল তার buffer বা cap-এর নিকটবর্তী অবস্থায় আছে অথবা ইতিমধ্যেই buffer বা cap-এ পৌঁছে গেছে। ঐসকল অভিবাবকদেরকে 100-পয়েন্ট আবাসিক ঠিকানা যাচাই পরীক্ষার মুখোমুখী হতে হবে, যা প্রমাণ করবে যে তারা স্কুলের চিহ্নিত সীমানার মধ্যে বসবাস করে। এর মানে হল সন্তানের বর্তমান ঠিকানা যাচাই করতে পিতামাতাকে বিভিন্ন দলিল পত্রাদি সরবরাহ করতে হবে।.

স্কুল যেন কেবলমাত্র শিশুর ভর্তি সম্পর্কিত তথ্য খুঁজে পায়, সেজন্য আবাসিক ঠিকানা যাচাই পরীক্ষার অনুমোদিত কাগজ পত্রের একটি তালিকা স্কুল অথবা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে পাওয়া যায়। https://education.nsw.gov.au/policy-library/policies/enrolment-of-students-in-nsw-government-schools.

### স্কুল এলাকার বহির্ভূত/অস্থানীয় শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে নির্বাচন মানদণ্ড

(যেখানে সম্ভব) একই স্কুলে ভাইবোনের ভর্তি এখন পরিষ্কারভাবে অগ্রাধিকার দেওয়া হয়। অস্থানীয় শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে নির্বাচন মানদণ্ড হিসাবে শিক্ষার্থীর দক্ষতা, কর্মক্ষমতা বা কৃতিত্ব বিবেচনা করা হবে না।



NSW GOVERNMENT

## কি পরিবর্তন হয়নি?

স্কুলের cap এর অবস্থা যাই হোক না কেন, স্কুল তার চিহ্নিত সীমানার মধ্যে বসবাসকারী শিক্ষার্থীদের ভর্তি চালিয়ে যেতে থাকবে।

অস্থানীয় শিক্ষার্থীদের ভাইবোনের ভর্তির অধিকারের ক্ষেত্রে কোন পরিবর্তন হয়নি। যে সকল স্কুলে আসন খালি আছে সেখানে প্রতিটি আবেদনপত্র তার নিজস্ব গুণাবলীর ভিত্তিতে বিবেচনা করা হয়, যার মধ্যে আছে যে বর্তমানে কোন ভাইবোন একই স্কুলে পড়ছে কিনা। স্থানীয় এলাকার বহির্ভূত শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে স্কুলের সুযোগ যদি কম থাকে তাহলে বর্তমান ছাত্রদের ভাই-বোনের অস্থানীয় আবেদন অগ্রাধিকার পাবে।

ভর্তি প্রক্রিয়া চলাকালীন সময়ে স্কুল শিক্ষার্থীদের পরিবারকে সাহায্য সহযোগিতা এবং পরামর্শ প্রদান অব্যাহত রাখবে, আরও থাকবে ব্যতিক্রমধর্মী ও নাজুক পরিস্থিতির যাচাই বাছাই করা, বিশেষ করে নাজুক অবস্থার সম্মুখীন এমন শিক্ষার্থী এবং তাদের পরিবারের জন্য।

ভর্তির আবেদনের উপর সিদ্ধান্ত গ্রহনের ক্ষেত্রে স্কুল স্বচ্ছতা এবং জবাবদিহিতার প্রক্রিয়া ব্যবহার করার মাধ্যমে নীতিমালা ন্যায্য ও ধারাবাহিকভাবে প্রয়োগ করতে থাকবে।ন্যায্যভাবে ভর্তির আবেদনপত্র বিবেচনা করা হয়েছে কিনা সেই ব্যাপারে পুনর্বিচার প্রার্থনার অধিকার পিতামাতার আছে।

## তবে এই পরিবর্তনগুলি আমার জন্য কতটা প্রযোজ্য?

### আমার সন্তান ইতিমধ্যে ভর্তি হয়ে গেছে কিন্তু আমি স্কুলের চিহ্নিত সীমানার মধ্যে বসবাস করি না, সেক্ষেত্রে কি হবে?

আপনার সন্তান ঐ স্কুলে ভর্তি থাকবে কারণ পুনর্বিবেচিত নীতিমালা NSW -এর সরকারী স্কুলে ইতোমধ্যে ভর্তিরত  শিক্ষার্থীদের উপর প্রভাব ফেলবে না।

### যখন আমার শিশু স্কুলে ভর্তি হয়েছিল তখন আমি স্কুলের চিহ্নিত সীমানার মধ্যে বাস করতাম। পরবর্তীতে শিক্ষা বিভাগ স্কুলের সীমানা পরিবর্তন করেছে এবং এতে করে বর্তমানে আমার বাসা স্কুলের সীমানের বাইরে পড়ে গেছে। আমার আরও সন্তান আছে এবং আমি চাই যে আমার সব সন্তানগুলো একই স্কুলে যাক। আমার কি কি উপায় আছে?

অনেক সময় শিক্ষা বিভাগের জন্য স্কুলের সীমানার পরিধী সামঞ্জস্য করার প্রয়োজন দেখা দেয়। এমনটা হতে পারে যে একটি পরিবারের এক বা একাধিক সন্তান একই স্কুলে পড়ে কিন্তু পরিবারটির ঠিকানা স্কুল সীমানার বাইরে। এই ধরনের পরিস্থিতিতে, সব ভাইবোনগুলো একই স্কুলে ভর্তি হতে পারবে, স্কুলের buffer বা cap–এর সীমা ছাড়িয়ে গেলেও কিছু করার নেই।

### ইতিমধ্যে আমার একটি সন্তান NSW -এর একটি সরকারী স্কুলে স্থানীয় এলাকা বহির্ভূত শিক্ষার্থী হিসাবে ভর্তি হয়েছে। আমি কি আমার অন্যান্য বাচ্চাদেরও সেই স্কুলে ভর্তি করাতে পারি?

এটা নির্ভর করে স্কুলের সক্ষমতার উপর:

- স্কুল যদি তার **buffer** –এর **কাছে না পৌঁছায়**, তাহলে ভাইবোনরা সেই স্কুলে ভর্তি হতে পারবে। প্রকৃতপক্ষে, বর্তমানে ভর্তিরত শিক্ষার্থীদের ভাইবোনদের আবেদনপত্র অন্যান্য অস্থানীয় আবেদনপত্রের চেয়ে, যেখানে সম্ভব, অগ্রাধিকার দেওয়া হবে।
- স্কুল যদি তার **buffer** –এর **কাছাকাছি চলে আসে**, তবে স্কুল একটি অস্থানীয় ভর্তির প্যানেল গঠন করবে। প্যানেলটি অস্থানীয় ভর্তির আবেদনপত্র গুলি বিবেচনা করে যখন buffer –এর নীচে যতগুলো আসন খালি আছে তার থেকে বেশি সংখ্যক অস্থানীয় আবেদনপত্র জমা পড়ে। একইভাবে, বর্তমানে ভর্তিরত শিক্ষার্থীদের ভাইবোনদের আবেদনপত্র অন্যান্য অস্থানীয় আবেদনপত্রের চেয়ে, যেখানে সম্ভব, অগ্রাধিকার দেওয়া হবে।
- স্কুলের যদি শিক্ষার্থী ভর্তির **আর ক্ষমতা না থাকে** অর্থাৎ সকল আসন **পূর্ণ হয়ে যায়**, সেক্ষেত্রে কোন ব্যতিক্রমী পরিস্থিতি ছাড়া স্কুল অস্থানীয় আবেদনপত্র বিবেচনা করবে না।

### আমি ইতিমধ্যে আমার সন্তানের জন্য 2020 সালে এমন একটি স্কুলে ভর্তির প্রস্তাব গ্রহণ করেছি যা আমার স্থানীয় স্কুল নয়। এখন কি ঘটবে?

ভর্তির প্রক্রিয়া এগিয়ে যাবে। যে সকল শিক্ষার্থীরা 2020-এ শুরু করবে, তাদের অস্থানীয় ভর্তির আবেদনপত্র যদি Term 4 2019-এর পূর্বে গ্রহন করা হয় তাহলে তাদের ভর্তির উপর কোন প্রভাব পড়বে না।

### আমার স্থানীয় এলাকায় নয় এমন একটি স্কুলে ভর্তির জন্য কী কী দরকার?

যে স্কুলগুলি অস্থানীয় আবেদনপত্র গ্রহণ করতে সক্ষম তারা অস্থানীয় আবেদনপত্র বাছাইয়ের জন্য একটি নির্বাচন প্যানেল প্রতিষ্ঠা করে। তারা এমনটা করে যখন অস্থানীয় আবেদনপত্রের চাহিদা স্কুলের buffer–এর নীচে অবস্থিত আসন সংখ্যা ছাড়িয়ে যায়।

ভর্তির বাছাইয়ের জন্য কি কি দরকার এগুলো যেন সমাজের জনগোষ্ঠী সহজে পেতে পারে তা নিশ্চিত করা স্কুলের দায়িত্ব।

### আমার পরিস্থিতি চ্যালেঞ্জিং এবং আমি মনে করি এই স্কুলটি আমার সন্তানের জন্য সেরা। আমরা স্কুলের চিহ্নিত এলাকার বাইরে থাকি। এক্ষেত্রে আমার কি করা উচিৎ?

আমরা বুঝতে পারি যে সবার পরিস্থিতি একই রকম নয় এবং এমন উদাহরণ রয়েছে যেখানে পরিস্থিতি ব্যতিক্রমধর্মী এবং নাজুক, যেগুলো আমাদের বিবেচনা করা দরকার।

এমতাবস্থায় আপনার স্থানীয় স্কুলের অধ্যক্ষের সাথে কথা বলা উচিত।

## যোগাযোগ

সাধারন জিজ্ঞাসার জন্য যোগাযোগ করুন: 1300 679 332 অথবা ই-মেইল করুন: DoEinfo@det.nsw.edu.au

ভর্তির অনুসন্ধানের জন্য আপনার স্থানীয় স্কুলের সাথে কথা বলুন। স্কুলের সাথে যোগাযোগের জন্য এখানে খুঁজুন: https://education.nsw.gov.au/public-schools/going-to-a-public-school/finding-a-public-school

## টেলিফোন দোভাষী পরিসেবা

স্কুলের সাথে যোগাযোগের জন্য আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তবে দয়া করে টেলিফোন ইন্টারপ্রেটার সার্ভিসে 13 14 50 নাম্বার-এ কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য অনুরোধ করুন। আপনি যে নম্বরে কল করতে চান অপারেটরকে তা বলুন এবং কথা বলতে আপনাকে সাহায্য করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর  ব্যবস্থা করবেন। এই পরিসেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।